একই স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT)
১৩/১, শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং-৫৯.১২.০০০০.০০১.১১.২৮২.২৩-৪৩০

তারিখ: ০৬ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২০ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৩.০৫.২০২৩ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১০.১১.০০৩.২২-৩৫০ নম্বর স্মারকের প্রেক্ষিতে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT) ও এর আওতাধীন আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (RPTI) এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের (RTC) রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
১	২	৩	৪	৫	৬
১	সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) বেতনস্কেল- টা: ১০,২০০-২৪,৬৮০	০২	অনূর্ধ্ব ৩০ বছর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা ২০১৯ এর তপসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	গাজীপুর, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ি, শরীয়তপুর, টাংগাইল, চাঁদপুর, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, রংপুর নড়াইল, বাগেরহাট, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ও পার্বত্য জেলা পরিষদভুক্ত জেলাসমূহ। **তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।**
২	হাউজ কিপার (গ্রেড-১৪) বেতনস্কেল- টা: ১০,২০০-২৪,৬৮০	০৬	অনূর্ধ্ব ৩০ বছর।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী।	
৩	ক্যাশিয়ার (গ্রেড-১) (গ্রেড-১৪) বেতনস্কেল- টা: ১০,২০০-২৪,৬৮০	০৩	অনূর্ধ্ব ৩০ বছর।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটার পরিচালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে।	
৪	স্টোর কিপার (গ্রেড-১৪) বেতনস্কেল- টা: ১০,২০০-২৪,৬৮০	০২	অনূর্ধ্ব ৩০ বছর।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটার পরিচালনাসহ গুদাম বা ভান্ডার রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	
৫	এভি অপারেটর (গ্রেড-১৫) বেতনস্কেল- টা: ৯,৭০০-২৩,৪৯০	০৫	অনূর্ধ্ব ৩০ বছর।	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) অডিও ভিজ্যুয়াল ইকুইপমেন্ট পরিচালনায় অন্যূন ০৩ (তিন) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং (গ) কম্পিউটার পরিচালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে।	
৬	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, (গ্রেড-১৬) বেতনস্কেল টা: ৯,৩০০-২২,৪৯০	১১	অনূর্ধ্ব ৩০ বছর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তপসিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	
৭	অফিস সহায়ক (গ্রেড-২০) বেতনস্কেল- টা: ৮,২৫০-২০,০১০	১৭	অনূর্ধ্ব ৩০ বছর।	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা ২০১৯ এর তপসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	গাজীপুর, ফরিদপুর, শেরপুর, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, ঠাকুরগাঁও, মাগুরা, নড়াইল, বাগেরহাট, বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর পটুয়াখালী, ও পার্বত্য জেলা পরিষদভুক্ত জেলাসমূহ। **তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।**

আবেদন করার নিয়মাবলী/শর্তাবলী:

১। **বয়সসীমাঃ**
জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখা এর স্মারক নং – ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রি.অনুযায়ী ২৫ মার্চ ২০২০ খ্রি. তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রয়েছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন। সাধারণ প্রার্থী এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে বয়সীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের সন্তান এর সন্তান (নাতি-নাতনী) বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

২। মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
(ক) গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);
(খ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। **০৬ (ছয়) মাসের অধিক পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়;**
(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি;
(ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;
(ঙ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে **(২১ দিনের প্রশিক্ষণ সনদ)** সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে;
(চ) আবেদনকারী মুক্তিযোদ্ধার সন্তান এর সন্তান (নাতি/নাতনি) হলে আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এর সন্তান (নাতি/নাতনি) মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক মুক্তিযোদ্ধার, মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার এনআইডির সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
(ছ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;
(জ) জন্ম সনদের সত্যায়িত অনুলিপি;
(ঝ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের রঙিন কপি (Applicant's Copy);
(ঞ) প্রবেশ পত্রে রঙিন ছবিযুক্ত অনুলিপি বা প্রবেশপত্রের রঙিন কপি ব্যতীত কোনো প্রকার ফটোকপি/ সাদাকালো কপি গ্রহণযোগ্য নয়। **(প্রবেশ পত্রের রঙিন কপি ছাড়া কোন লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না);**
(ট) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
(ঠ) নিপোর্টের অধীনে যেকোন জায়গায় আরপিটিআই/আরটিসিতে নিয়োগ হলে দায়িত্ব পালনের স্বপক্ষে সম্মতি পত্র; এবং
(ড) চাকুরী থেকে অব্যাহতি নিতে হলে সরকারী বিধিমোতাবেক ইস্তফা প্রদান করবে মর্মে সম্মতি পত্র।

৩। অনলাইনে আবেদন এবং টাকা জমা দেওয়ার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা নিয়োগ পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৫। সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।

৬। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT) এর (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগবিধিমালা-২০১৫ এবং প্রয়োজনবোধে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৭। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৮। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধির কর্তৃত্ব সংরক্ষণ করেন।

১০। বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও নিপোর্ট এর ওয়েবসাইটে (www.niport.gov.bd) পাওয়া যাবে অথবা QR Code ( ) স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১১। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ পরীক্ষার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১৩। যথাযথ কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা রাখেন।

১৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

(ক) ইচ্ছুক প্রার্থীগণ https://alljobs.teletalk.com.bd/niport ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. ১ম ধাপে Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়: **২৬/০৬/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা থেকে ০৫/০৭/২০২৩ খ্রি. তারিখ রাত ১২.০০ টা।**

ii. Online-এ আবেদনপত্র পূরণের বর্ধিত সময়সীমাঃ **২৪/০৭/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা থেকে ৩০/০৭/২০২৩ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ টা। ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

উক্ত বয়সসীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×৩০০) pixel (File Size 100KB এর বেশি গ্রহণযোগ্য নয়) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৮০) pixel (File Size 60KB এর বেশি গ্রহণযোগ্য নয়) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্রের Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant`s কপিতে একটি USER ID নম্বর দেয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ থেকে ০৬ এর পদের জন্য ২০০/- টাকা ও টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ২৩ টাকাসহ (অফেরতযোগ্য) ২২৩/- টাকা এবং ক্রমিক নং ০৭ পদের জন্য ১০০/- টাকা ও টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ১২ টাকা মোট ১১২/- টাকা (অফেরৎযোগ্য) পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: **NIPORT** <space>**USER ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **NIPORT ABCDEF**

Reply: Aplicant`s Name, TK 112/- or 223/- will be charged application fee. Your PIN is 12345678. To Pay fee Type **NIPORT** <space> YES<space>PIN and Send to 16222

দ্বিতীয় SMS: **NIPORT** <space> **YES** <space> **PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **NIPORT YES 12345678**

Reply: Congratulation Aplicant`s Name, payment completed succesfully for **NIPORT** Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://alljobs.teletalk.com.bd/niport ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। তা'ছাড়া নিপোর্টের ওয়েবসাইটে/দৈনিক পত্রিকায় আসন বিন্যাস প্রকাশ করা হবে।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন এবং প্রার্থী পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। প্রবেশপত্রের রঙিন কপি ব্যতীত কোনো প্রকার ফটোকপি/ সাদাকালো কপি গ্রহণযোগ্য নয়।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:

NIPORT<space>Help<space>User<space>User ID send to 16222.
Example: NIPORT HELP USER ABCDEF Send to 16222.
ii. PIN Number জানা থাকলে:
NIPORT<space>Help<space>PIN<space>PIN No & send to 16222.
Example: NIPORT HELP PIN 12345678 Send to 16222.

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক থেকে ১২১ নম্বর এ অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০-১২১১২১ নাম্বার এ কল করা যেতে পারে। এছাড়া vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

১৬। ক্রমিক নং-৩. ক্যাশিয়ার (গ্রেড-১), নং-৪. স্টোর কিপার, নং-৫. এভি অপারেটর পদে কম্পিউটার চালনায় দক্ষতা পরীক্ষা গৃহীত হবে।

১৭। লিখিত ও ব্যবহারিক পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বন্টনঃ সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, ক্যাশিয়ার (গ্রেড-১), স্টোর কিপার, হাউজ কিপার, এভি অপারেটর ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) বিষয়ভিত্তিক নম্বর বন্টনঃ

তফসিল-২

পরীক্ষার নাম	পরীক্ষার বিষয়	নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
লিখিত পরীক্ষা	১। বাংলা	২০	৫০%	৯০ মিনিট
	২। ইংরেজি	২০		
	৩। গণিত	১৫		
	৪। সাধারণ জ্ঞান	১৫		
	মোট	৭০		
মৌখিক পরীক্ষা		৩০		
সর্বমোট		১০০		

তফসিল-৩

'সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর' পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার বিষয়, সময়, গতি ও নম্বরঃ

পদের নাম	পরীক্ষার বিষয়	ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজি পরীক্ষায় মোট নম্বর	বাংলা পরীক্ষায় মোট নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজি পরীক্ষার সময়	বাংলা পরীক্ষার সময়
সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	সাঁটলিপি	৭০ শব্দ	৪৫ শব্দ	১০০	১০০	৪০%	৫০%	৫ মিনিট	৫ মিনিট
	কম্পিউটার মুদ্রাক্ষর	৩০ শব্দ	২৫ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

ব্যাখ্যাঃ
১। সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্ধ থাকবে।
২। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলে গণ্য হবে।
৩। বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ০৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে।
৪। সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসেবে গণ্য হবে।

তফশিল-৪

'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে নিয়োগের জন্য প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার বিষয়, সময়, গতি ও নম্বরঃ

পদের নাম	পরীক্ষার বিষয়	পরীক্ষার সময়	সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	মোট নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	গড় পাস নম্বর
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	ইংরেজি	১০ মিনিট	২০ শব্দ	৫০	৪০%	৫০%
	বাংলা	১০ মিনিট	২০ শব্দ	৫০	৪০%	

ব্যাখ্যাঃ
১। বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ০৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে।
২। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলে গণ্য হবে।
৩। সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসেবে গণ্য হবে।

তফশিল-৫

'অফিস সহায়ক' পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর ইত্যাদিঃ

পরীক্ষার নাম	পরীক্ষার বিষয়	নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
লিখিত পরীক্ষা	১। বাংলা	২০	৫০%	১ ঘন্টা
	২। ইংরেজি	২০		
	৩। গণিত	২০		
	৪। সাধারণ জ্ঞান	১০		
	মোট	৭০		
মৌখিক পরীক্ষা		৩০		
সর্বমোট		১০০		

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

20/6/26

(মোহাঃ মাহফুজুর রহমান)
উর্ধ্বতন প্রশিক্ষক ও উপপরিচালক (প্রশাসন-অঃদাঃ)
ই-মেইল: rmahfuzur124@gmail.com